তারিখ 29 MAY 2016
পৃষ্ঠা ১,১৬ কলাম ৪

সংবাদ

শিক্ষায় বাজেট বাড়বে

# আমরা এখন শিক্ষা ও স্বাস্থ্যে নজর দিচ্ছি

— অর্থমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

আগামী ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে শিক্ষা খাতে অর্থ বরাদ্দ বাড়ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, আমরা ক্ষমতায় আসার আগে বিদ্যুতের সংকট ছিল, সেটা এখন ঠিক হয়েছে। আমরা এখন শিক্ষা ও স্বাস্থ্যে নজর দিচ্ছি। আগামী বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানো হবে। আগামী ৫-৬ বছর এ ধারাবাহিকতা অব্যাহত থাকবে। তবে স্বাস্থ্য খাতে বাড়ছে কি না- তা এখনই বলতে পারছি না।

গতকাল রাজধানীর ঢাকা অফিসার্স ক্লাবে মেধাবী শিক্ষার্থীদের মাঝে শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেডের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শাহজালাল ইসলামী ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান একে আজাদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত

শিক্ষাখাতে : পৃষ্ঠা : ২ ক : ১

## শিক্ষাখাতে : বাজেট

(১৬ পৃষ্ঠার পর)

বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান ও প্রাক্তন এমপি হাফিজ আহমেদ মজুমদার, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা তপন চৌধুরী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস সেলিনা খালেক। এছাড়া অন্যদের মধ্যে ব্যাংকের পরিচালক মো. সানাউল্লাহ সাহিদ, ফকির আখতারুজ্জামান, উপ-ব্যবস্থাপনা পরিচালক শাহজাহান সিরাজ, এম. আখতার হোসেন এবং আবদুল আজিজ প্রমুখ উপস্থিত ছিলেন। ব্যাংকের ফাউন্ডেশনের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মো. তৌহিদুর রহমান স্বাগত বক্তব্য রাখেন এবং ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ফরমান আর চৌধুরী ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে বিভিন্ন কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অসচ্ছল পরিবারের ৫০০ শিক্ষার্থীর মধ্যে বৃত্তির চেক প্রদান করা হয়।

অর্থমন্ত্রী বলেন, দেশে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভালো। বর্তমানে প্রায় ৯০ শতাংশ শিশু স্কুলে যাচ্ছে। কিন্তু মাধ্যমিক পর্যায়ে এখনও সমস্যা রয়েছে। প্রাথমিক পর্যায় শেষ করা ৪০ শতাংশ শিশু মাধ্যমিকে যাচ্ছে না, তারা ঝরে পড়ছে। অর্থাৎ জ্ঞানের জগতে প্রবেশের আগেই শেষ হয়ে যাচ্ছে তাদের শিক্ষা জীবন। তবে বর্তমান সরকারের শেষ সময় পর্যন্ত এ অবস্থার উন্নতি হবে। মাধ্যমিক পর্যায়ে ঝরে পড়ার হার ২০ শতাংশ কমাতে পারব। আর ২০২৪ সালে এটিকে শতভাগে নিয়ে যাওয়া হবে। খেলাপি ঋণ প্রসঙ্গে অর্থমন্ত্রী বলেন, বাজেটের পর ব্যাংকারদের নিয়ে বসবো আমরা। খেলাপি ঋণ প্রসঙ্গে তাদের সঙ্গে আলাপ করব। এখন খেলাপি ঋণ প্রসঙ্গে কম কথা বলছি।

সিএসআর নিয়ে শিক্ষা ঋণ চালুর প্রস্তাব প্রসঙ্গে মুহিত বলেন, শিক্ষা ঋণের বিষয়ে আমরা আগেও ভেবেছি, কিন্তু সে সময়ে তা বাস্তবায়নের সাহস পাইনি। এখন ক্রমান্বয়ে আমাদের জীবনমানের উন্নয়ন হচ্ছে। এখন শিক্ষা ঋণ চালুর প্রসঙ্গে ভাবা যেতে পারে।